

জয়নগরে দু'দিন ধরে মোয়া উৎসব

সংবাদদাতা, বারুইপুর : মোয়ার জনপ্রিয়তা বাড়াতে জয়নগরের দক্ষিণ বারাসত শিবদাস আচার্য স্কুলে দু'দিনের মোয়া উৎসব অনুষ্ঠিত হল। বারুইপুর প্রেস ক্লাব ও জয়নগর এক নম্বর পঞ্চায়েত সমিতির উদ্যোগে এই উৎসব হয়। শনিবার এর উদ্বোধন করেন জয়নগরের বিধায়ক বিশ্বনাথ দাস। উপস্থিত ছিলেন জেলার অন্য বিধায়করা। এই উৎসবে দক্ষিণ বারাসাত, বহরু, জয়নগরের মোয়া ব্যবসায়ীরা অংশ নিয়েছিল। ১০ টি স্টল বসেছিল প্রাঙ্গণে। মোয়ার সঙ্গে ছিল গুড় ও পাটালির সম্ভারও। দু'দিন ধরে সাংস্কৃতিক অনুষ্ঠানও হয়। বিধায়ক বলেন, 'মোয়ার যত প্রসার ঘটবে তত উন্নতি হবে এই ব্যবসার।'